DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 01:00 PM

রাজনীতি

# রুমিন ফারহানার মধ্যে শেখ হাসিনার ছায়া দেখেন রাশেদ খান

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১০ সেপ্টেম্বর ২০২৬, ০৭:২০ PM



প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান বলেছেন, বিএনপির সংসদ সদস্য রুমিন ফারহানার মধ্যে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছায়া দেখা যায়।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি এ মন্তব্য করেন।

রাশেদ খান বলেন, নিষিদ্ধ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসাইনের ফেসবুক পোস্টের সঙ্গে রুমিন ফারহানার পোস্টের কোনো পার্থক্য নেই। এ কারণে জাতীয় সংসদে আওয়ামী লীগের একমাত্র যোগ্য প্রতিনিধি হিসেবে রুমিন ফারহানাকে উল্লেখ করেন তিনি।

রাশেদ খান আরও লেখেন, রুমিন ফারহানার এমন পারফরম্যান্স দেখে শেখ হাসিনা তাঁকে আওয়ামী লীগের বাংলাদেশ শাখার সভানেত্রীর দায়িত্বও দিতে পারেন।

রুমিন ফারহানার সাম্প্রতিক বক্তব্যের সমালোচনা করে রাশেদ খান বলেন, তাঁর গতকালের বক্তব্য অতীতের বক্তব্যের সঙ্গে সাংঘর্ষিক। ২০২৬ সালের জাতীয় নির্বাচনে মনোনয়ন পাওয়ার আগে এবং ২০১৮ সালের নির্বাচনে বিএনপির পক্ষ থেকে সংরক্ষিত নারী সংসদ সদস্য হওয়ার পর জাতীয় সংসদে আওয়ামী লীগের বিরুদ্ধে দেওয়া বক্তব্যের □ফটোকপি□ তিনি এবার বিএনপির বিরুদ্ধে তুলে ধরেছেন বলে মন্তব্য করেন রাশেদ খান।

রুমিন ফারহানার বক্তব্যে জামায়াতে ইসলামীর আমির উৎসাহ দিয়েছেন বলেও উল্লেখ করেন তিনি। রাশেদ খান বলেন, কিছুদিন আগে স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদের বক্তব্যের সময় জামায়াতের ৯০ জন সংসদ সদস্য হট্টগোল করেছিলেন। নিজেদের শুরু করা রাজনৈতিক সংস্কৃতির বিরুদ্ধে কথা বলা তাই বেমানান।

জামায়াতের সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদের বক্তব্যেরও সমালোচনা করেন রাশেদ খান। তিনি বলেন, ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিএনপি সরকারের সমালোচনা করতে গিয়ে শফিকুল ইসলাম মাসুদ মূলত নিজের দিকেই অভিযোগ ফিরিয়ে এনেছেন। ওই সরকারের কৃষিমন্ত্রী ছিলেন জামায়াতের নেতা মাওলানা মতিউর রহমান নিজামী। সেটি ছিল বিএনপি-জামায়াতের জোট সরকার।

রাশেদ খান আরও বলেন, পরিস্থিতি দেখে মনে হচ্ছে জাতীয় সংসদে জামায়াতের সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদ, হাসনাত আব্দুল্লাহ ও স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা □আওয়ামী বয়ানের পক্ষে জোট□ বেঁধেছেন।

তবে রুমিন ফারহানা নির্বাচনের আগে হাসনাত আব্দুল্লাহকে □ফকিন্নির বাচ্চা□ বলে সম্বোধন করেছিলেন বলেও স্মরণ করিয়ে দেন রাশেদ খান।

---


## এ বিভাগের আরও খবর




**নারীর আর্থ-সামাজিক উন্নয়নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে: রিজভী**

□নারীদের অধিকার নিশ্চিত করতে হলে তাদের শিক্ষার আলোয় আলোকিত ও আর্থিকভাবে স্বাবলম্বী হতে হবে। নারীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে সবাইকে একসঙ্গ...




**ফ্যাসিস্ট হাসিনার আমলে ভারতের সঙ্গে ১০১ চুক্তি পর্যালোচনা, □সবার আগে বাংলাদেশ□: চিফ হুইপ**

ফ্যাসিস্ট শেখ হাসিনার শাসনামলে ভারতের সঙ্গে হওয়া ১০১টি চুক্তি পর্যালোচনা করছে বর্তমান সরকার। এসব চুক্তির বিষয়ে শিগগিরই সিদ্ধান্ত নেওয়া হবে ব...

---



**আসিফ নজরুলের গ্রেপ্তার চাইলেন নাসীরুদ্দীন পাটওয়ারী**

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, অন্তর্বর্তী সরকারের সাবেক আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলকে গ্রেপ্তার কর...

---




**ফুটপাত দখল, মাদক ও যানজটে নাজেহাল ঢাকা-৬! বৈঠকে ইশরাকের ক্ষোভ**

মাদক, যানজট, ফুটপাত দখল, ধোলাইখাল ট্রাকস্ট্যান্ড ও সদরঘাটের নানা সমস্যা নিয়ে ঢাকা-৬ আসনের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ক্ষোভ জানিয়েছেন মুক্তিযু...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/politics/rumin-farhanar-mdhje-shekh-hasinar-chhaya-dekhen-rashed-khan